Date of Publication : 1st August, 2012

Price : Rs. 2

VOL-2, Issue 4
For circulation to Subscribers only

Postal Registration No. : KOL RMS/42/2010-2012
RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০

Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj

দ্বিতীয় বর্ষ ঃ পঞ্চম সংখ্যা | আগষ্ট ২০১২ | শ্রাবণ - ভাদ্র ১৪১৯

—ঃ সূচীপত্র ঃ—

এ মাসের নিবেদন ঃ

ভাদ্রোৎসবের তাৎপর্য — ১

স্মরণিকা — ২

সাপ্তাহিক উপাসনা ও স্মরণ — ৩

বিশেষ অনুষ্ঠান — ৩

২০১২ সেপ্টেম্বর মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী — ৪

শোক সংবাদ — ৪

পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান — ৪

কৃতজ্ঞতা স্বীকার — ৫

An Appeal — ৬

122nd All India Brahmo Conference 2012 — ৬

সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ

প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা

Telephone No. (033)6450-0915

email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

### ভাদ্রোৎসবের তাৎপর্য

১৭৫০ শকে ভাদ্রমাসে জোড়াসাঁকোস্থিত শ্রীযুক্ত কমল বসুর বাটিতে ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হইল। তৎকালে প্রতি শনিবার সায়ং কালে সমাজ হইত, তাহাতে প্রথমত দুইজন তৈলাঙ্গ ব্রাহ্মণ বেদ উচ্চারণ করিতেন। তদনন্তর শ্রীযুক্ত উৎসবানন্দ বিদ্যাবাগীশ উপনিষদের মূল পাঠ করিতেন। তদনন্তর শ্রীযুক্ত রামচন্দ্র বিদ্যাবাগীশ ব্যাখ্যান করিতেন, পরিশেষে ব্রহ্মসঙ্গীত হইয়া সমাজের কাজ সম্পন্ন হইত ...... সমাজের আয়বৃদ্ধি হইলে বর্তমান ব্রাহ্মসমাজের গৃহ প্রস্তুত হইলে ১৭৫১ শকের ১১ই মাঘ দিবসে তথায় উপাসনা আরম্ভ হইল। এই স্থানে মধ্যে মধ্যে দিবাবসান কালে মোছলমান্ ও ফিরিঙ্গী বালকেরা পারসী ও ইংরাজী ভাষাতে পরমেশ্বরের স্তবগান করিত। (তত্ত্ববোধিনী পত্রিকা — আশ্বিন, ১৩৬৯ শক)

ব্রাহ্ম সমাজের এই প্রতিষ্ঠা বা পত্তন একদিক থেকে 'নিরাকার একেশ্বরবাদ' এর উদ্‌যাপন অন্যদিকে প্রাতিষ্ঠানিক ভিত্তিতে সর্বধর্মসমন্বয়। হিন্দুমুসলমান প্রভৃতি ভিন্ন ভিন্ন ধর্মের চিন্তানায়ক এবং উদার সাধকেরা পরস্পরের সঙ্গে মিলিত হইয়া যাহাতে একে অন্যের ধর্মের অন্তর্নিহিত সত্যের ও কল্যাণের সন্ধান পাইতে পারেন এবং এই সন্ধান পাইয়া একে অন্যের ধর্মকে শ্রদ্ধার চক্ষে দেখিতে পারেন, ইহাই রাজার "ব্রহ্মসভা" প্রতিষ্ঠার নিগূঢ় উদ্দেশ্য.... সেই মহামিলন ক্ষেত্রের পথ গড়িয়া তুলিবার আশাতেই রাজা "ব্রহ্মসভার" প্রতিষ্ঠা করেন।" (বিপিনচন্দ্র পাল ঃ যুগ প্রবর্তক রামমোহন)

কিন্তু এই মহামিলন ক্ষেত্র রূপে যে ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠা সেখানে যে ধর্মমত প্রবর্তিত হল তা সেমিটিক একেশ্বরবাদের অতিরিক্ত মাত্রাযুক্ত ঃ বৈদান্তিক ব্রহ্মবাদ যা 'বেদান্তপ্রতিপাদ্যসত্যধর্ম' অর্থাৎ ব্রাহ্মধর্মরূপে উন্মোচিত হবে। এই ব্রহ্মোপাসনার অনুষ্ঠান অংশে রামমোহন ব্রাহ্মধর্মবিহিত উপাসনার বৈশিষ্ট্য নির্দেশ করে বললেন 'তাঁহারা (অন্য উপাসকেরা) পৃথক পৃথক অবয়ব ও স্থানাদি

বিশেষণের দ্বারা পরমেশ্বরের নির্ণয়বোধে উপাসনা করেন। কিন্তু আমরা যিনি জগৎকারণ তিনিই উপাস্য ইঁহার অতিরিক্ত অবয়ব কি স্থানাদি বিশেষণ দ্বারা নিরুপণ করি না। দ্বিতীয়ত, এক প্রকার অবয়ব বিশিষ্টের যে উপাসক তাঁহার সহিত অন্য প্রকার অবয়র বিশিষ্টের উপাসকের বিবাদ দেখিতেছি, কিন্তু আমাদের সহিত কোন উপাসকের বিরোধের সম্ভাবনা নাই.... এই প্রত্যক্ষ দৃশ্যমান যে জগৎ ইহার কারণ ও নির্বাহকর্তা পরমেশ্বর হন, শাস্ত্রত ও যুক্তিত এইরূপ যে চিন্তন তাহা পরমেশ্বরের উপাসনা হয়। ইন্দ্রিয়দমনে ও প্রণব উপনিষদাদি বেদাভ্যাসে যত্ন করা এ উপাসনার আবশ্যক সাধন হয়.... শব্দের অবলম্বন বিনা অর্থের অবগতি হয় না। অতএব পরমাত্মার প্রতিপাদক প্রণব, ব্যাহৃতি, গায়ত্রী ও শ্রুতি, স্মৃতি তন্ত্রাদির অবলম্বন দ্বারা তদর্থ যে পরমাত্মা তাঁহার চিন্তন করিবেন'।

রামমোহন স্বাধ্যায় বা ব্রহ্মপ্রতিপাদক শাস্ত্রপাঠ ব্রহ্মোপাসনার অন্যতম মুখ্য অঙ্গরূপে নির্দেশ করেছিলেন। এই উপাসনা বৈদান্তিক ব্রহ্মোপাসনারই প্রকারভেদ। তিনটি গুরুত্বপূর্ণ বিষয়ে এর এক নব দিকদর্শন সূচিত হল। প্রথমত ঃ প্রতিমা বা প্রতীকের সম্পূর্ণ বর্জন (অদ্বৈত - বেদান্তমতে 'ন হি প্রতীকেন্ সঃ, এই সূত্র অনুসারে প্রতীক বর্জনীয় কিন্তু অপরাপর যাবতীয় মতে প্রতীক গৃহীত)। দ্বিতীয়তঃ ব্রহ্মই একমাত্র উপাস্য, ইন্দ্র বরুণ প্রভৃতি বেদোক্ত দেবতাগণ উপাস্য নন, এই প্রত্যয়। তৃতীয়তঃ সনাতন ধর্মে তত্ত্বোপদেশ ও সাধনপন্থা প্রদর্শকরূপে গুরুর যে অপরিহার্যতা তা অঙ্গীকার না করা।

বৈদান্তিক ব্রহ্মোপাসনার দুটি ক্রম আছে ঃ ব্যতিরেকী ও অন্বয়ী। প্রথম পন্থাতে 'নেতি নেতি' সূত্র অবলম্বনে নির্গুণ অর্থাৎ জগতাতীত ব্রহ্মজ্ঞানের অনুশীলন করতে হয়। কিন্তু এতে ভক্তি চরিতার্থ হয় না। এজন্যে অন্বয়ী পথে ব্রহ্মোপাসনা নির্দিষ্ট হল। ব্যতিরেকী পথে নির্গুণের প্রতিষ্ঠা, অন্বয়ী পথে সেই নির্গুণ ব্রহ্মই বিশ্বাত্মারূপে প্রকাশিত হনঃ 'নির্গুণায় নমস্তুভ্যম্ বিশ্বরূপাত্মকায়তে' (মহানির্বাণ তন্ত্র)।

১৭৫০ শকের ভাদ্রমাসে যে ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হল সেখানে রামমোহন প্রবর্তিত ব্রহ্মোপাসনার মুখ্য বৈশিষ্ট্য সামাজিক বা মণ্ডলীবদ্ধ উপাসনা (Congregational Worship) ও এই মণ্ডলীবদ্ধ উপাসনার কেন্দ্র ব্রহ্মমন্দিরকে সর্বধর্ম সম্প্রদায়ের মিলনভূমি রূপে উপস্থাপিত করা। প্রতিষ্ঠাতার এই উদার আদর্শ মনে রেখে উৎসব আয়োজিত হলে ভাদ্রোৎসব সার্থক, অন্যথায় নয়।

— ডঃ অমিতাভ খাস্তগীর

---

## —ঃ স্মরণিকা ঃ—

### মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

২রা আগষ্ট (১৮৬১) — আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের ১৫১ জন্মদিবস।
৮ই আগষ্ট (১৯৪১) — কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ৭১ তম তিরোধান দিবস (২২শে শ্রাবণ ১৩৪৮)।
৯ই আগষ্ট (১৯৪২) — ভারত-ছাড়ো আন্দোলনের ৭০ তম পূর্তি দিবস।
১১ই আগষ্ট (১৯০৮) — মহাপ্রাণ বিপ্লবী ক্ষুদিরাম বসুর ১০৪ তম তিরোধান দিবস।
১৫ই আগষ্ট (১৮৭২) — ঋষি অরবিন্দ ঘোষের ১৪০ তম জন্মদিবস।
১৫ই আগষ্ট (১৯৪৭) — ভারতবর্ষের স্বাধীনতার ৬৫ তম পূর্তি দিবস।
১৬ই আগষ্ট (১৮৮৬) — রামকৃষ্ণ পরমহংসদেবের ১২৬ তম তিরোধান দিবস।
১৮ই আগষ্ট (১৯৮০) — ভক্তগায়ক দেবব্রত (জর্জ) বিশ্বাসের ৩২ তম তিরোধান দিবস।
১৯শে আগষ্ট (১৯০০) — আচার্য সতীকুমার চট্টোপাধ্যায়ের ১১২ তম জন্মদিবস।
২০শে আগষ্ট (১৯০৬) — শিক্ষাব্রতী আনন্দমোহন বসুর ১০৬ তম তিরোধান দিবস।
২২শে আগষ্ট (১৯১১) — ভক্তগায়ক দেবব্রত (জর্জ) বিশ্বাসের ১০১ জন্মদিবস।
২৩শে আগষ্ট (১৯৭৫) — সাংবাদিক - সমালোচক অমল হোমের ৩৭ তম তিরোধান দিবস।

২৬শে আগষ্ট (১৯১০) — প্রেমময়ী মাদার টেরিজার ১০২ তম জন্মদিবস।
২৯শে আগষ্ট (১৯৭৬) — বিদ্রোহীকবি নজরুল ইসলামের ৩৬ তম তিরোধান দিবস।
২৯শে আগষ্ট (১৯৭৯) — সাহিত্যিক - সমালোচক যোগানন্দ দাসের ৩৩ তম তিরোধান দিবস।
৩১শে আগষ্ট (১৯৮৮) — রবীন্দ্র-স্নেহধন্যা সঙ্গীত সাধিকা কনক বিশ্বাসের (দাস) ২৪ তম তিরোধান দিবস।

—ঃ ২০১২ আগষ্ট মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—

রবিবার ৫ই আগষ্ট ২০১২ — আচার্য — ডঃ অমিতাভ খাস্তগীর
সন্ধ্যা ৬-৩০ টা — স্মরণ - কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর (২২শে শ্রাবণ উপলক্ষে)
সঙ্গীত - শ্রীমতী অনন্যা চ্যাটার্জী, শ্রীমতী অনুরাধা বসু, শ্রীদেবাশীষ বসু ও শ্রীসুমন মজুমদার

রবিবার ১২ই আগষ্ট ২০১২ — আচার্য - শ্রীতপোব্রত ব্রহ্মচারী
সন্ধ্যা ৬-৩০ টা — সঙ্গীত - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

—ঃ বিশেষ অনুষ্ঠান ঃ—

৬৫ তম স্বাধীনতা দিবস ২০১২
ও
১৮৪ তম ভাদ্রোৎসব ১৪১৯

বুধবার ১৫ই আগষ্ট ২০১২ ঃ ৬৫ তম স্বাধীনতা দিবস
সন্ধ্যা ৬-৩০ টা — প্রার্থনা - শ্রীমতী ইন্দ্রাণী পাল
সঙ্গীত - শ্রীসুবীর পাল ও সহশিল্পীবৃন্দ

রবিবার ১৯শে আগষ্ট ২০১২ ঃ ।। ভাদ্রোৎসবের "উদ্বোধন" ।।
(২রা ভাদ্র ১৪১৯) — আচার্য - শ্রীসঞ্জীব মুখার্জি
সন্ধ্যা ৬-৩০ টা — সঙ্গীত - শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরীন্দ্রজিৎ সাহা

বৃহস্পতিবার ২৩শে আগষ্ট ২০১২ ঃ ১৮৪ তম ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা দিবস উপলক্ষে
(৬ই ভাদ্র ১৪১৯) — বিশেষ ব্রহ্মোপাসনা
সন্ধ্যা ৬-৩০ টা — আচার্য - শ্রীপ্রণব রায়
সঙ্গীত - ব্রাহ্মযুব ও ভক্তজন
পরিচালনা - শ্রীমতী শুক্লা দাসগুপ্ত

রবিবার ২৬শে আগষ্ট ২০১২ ঃ ভক্তকবি অতুল প্রসাদ সেন ও প্রেমময়ী মাদার টেরিজা স্মরণে
(৯ই ভাদ্র ১৪১৯) — বিশেষ ব্রহ্মোপাসনা
সন্ধ্যা ৬-৩০ টা — আচার্য - শ্রীঅনিরুদ্ধ রক্ষিত
সঙ্গীত - শ্রীমতী অর্চনা ভৌমিক ও সহশিল্পীগণ

**মঙ্গলবার ২৮শে আগষ্ট ২০১২ ঃ ১১৫ তম ব্রাহ্ম সম্মিলন সমাজ প্রতিষ্ঠা দিবস**
**(১১ই ভাদ্র ১৪১৯) সাম্বৎসরিক উৎসব ও শান্তিবাচন**
**সন্ধ্যা ৬-৩০ টা** আচার্য - ডঃ মধুশ্রী ঘোষ
সঙ্গীত - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী

**আপনাদের সকলের সাদর উপস্থিতি কামনা করি।**

---

## —ঃ ২০১২ সেপ্টেম্বর মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

**রবিবার ২রা সেপ্টেম্বর ২০১২** — আচার্য - শ্রীমতী রেবেকা রক্ষিত
**সন্ধ্যা ৬-৩০ টা** **স্মরণ** - **প্রেমময়ী মাদার টেরিজা**
সঙ্গীত - শ্রীমতী সুস্মিতা বসু

**রবিবার ৯ই সেপ্টেম্বর ২০১২** — আচার্য - শ্রীমতী সুতপা রায়চৌধুরী
**সন্ধ্যা ৬-৩০ টা** **স্মরণ** - **কান্তকবি রজনীকান্ত সেন**
সঙ্গীত - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী

**আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।**

---

## —ঃ শোক সংবাদ ঃ—

বিগত ২৮মে সোমবার কুমিল্লা (অধুনা বাংলাদেশে অবস্থিত) নিবাসী প্রয়াত ক্ষীরোদচন্দ্র দত্ত চৌধুরী ও প্রয়াতা চারুহাসিনী দত্ত চৌধুরীর কন্যা, প্রয়াত মনীন্দ্র কুমার দত্ত ও প্রয়াতা শান্তিময়ী দত্তের পুত্রবধূ, প্রয়াত মিহির কুমার দত্তের পত্নী এবং শ্রীমনীষী দত্ত ও শ্রীসুমন্ত্র দত্তের মাতা শ্রীমতী **সুব্রতা (রমা) দত্ত** ৮৭ বৎসর বয়সে গুরগাঁওতে(হরিয়ানা) পরলোকগমন করেছেন।

বিগত ২১শে জুলাই ২০১২ শনিবার সকাল ৮টায় প্রয়াত বিমলেন্দু সরকার ও প্রয়াতা অর্চনা সরকারের জ্যেষ্ঠা কন্যা তথা প্রয়াত সত্যভূষণ (ডগলার্স) দাশগুপ্ত ও প্রয়াতা সুষমা (দোলু) দাশগুপ্তের জ্যেষ্ঠ পুত্রবধূ ও প্রয়াত সুধীরঞ্জন (বাদল) দাশগুপ্তের পত্নী ও শ্রীমতী শুভশ্রী নন্দনের মাতা **শ্রীমতী স্নিগ্ধা দাশগুপ্ত** ৭৭ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

---

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**অন্নপ্রাশন অনুষ্ঠান ঃ**

বিগত ২১শে জুন ২০১১ বৃহস্পতিবার সকাল ১০টায় শ্রীআদিত্য সেন ও শ্রীমতী সুকন্যা বসু সেনের শিশুপুত্র কল্যাণীয় আয়ুষ সেনের অন্নপ্রাশন অনুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীতপোব্রত ব্রহ্মচারী এবং সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী শুক্লা দাসগুপ্ত, শ্রীমতী রীণা দোলন গঙ্গোপাধ্যায় ও শ্রীদেবাশীষ বসু।

**মৃত্যুবার্ষিকী ঃ**

বিগত ২৪শে জুন ২০১২ রবিবার সকাল ১০-৩০ টায় সমাজ মন্দিরে প্রয়াত আশোকরঞ্জন (চাঁদ) দাসগুপ্তের প্রথম মৃত্যুবার্ষিকী (২৬শে জুন) উপলক্ষে উপাসনায় আচার্যের কাজ পালন করেন শ্রীপ্রণব রায় এবং সঙ্গীতে অংশগ্রহণ করেন সর্বশ্রী/শ্রীমতী শুক্লা দাসগুপ্ত, অনমিত্রা দাসগুপ্ত, চন্দ্রা সেনগুপ্ত, রীণা দোলন বন্দ্যোপাধ্যায়, দেবাশিস বসু, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায় ও জ্যোতিরঞ্জন (দুলাল) দাসগুপ্ত। পিতৃ স্মৃতি ও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন কনিষ্ঠা কন্যা শ্রীমতী শর্বরী রায়। অনুষ্ঠানে পরিবার-পরিজন ও আত্মীয়-বন্ধু সকলে উপস্থিত ছিলেন।

বিগত ৭ই জুলাই ২০১২ শনিবার প্রয়াত কল্যাণ কুমার দাসের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর শান্তিনিকেতনস্থ বাসভবনে ব্রহ্মোপাসনা অনুষ্ঠিত হয়।

**সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ**

বিগত মাসের জুলাই (২০১২) রবিবার সাপ্তাহিক উপাসনায় কার্যসূচী অনুযায়ী কান্তকবি রজনীকান্ত সেনের তিরোধান দিবস স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী (প্রথম রবিবার), ডঃ অমিতাভ খাস্তগীর (দ্বিতীয় রবিবার), ডঃ সুনন্দা রায়চৌধুরী (রাখী) (তৃতীয় রবিবার), শ্রীমতী সুতপা রায়চৌধুরী (চতুর্থ রবিবার) এবং শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী (পঞ্চম রবিবার) আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার শ্রীমতী সুস্মিতা বসু, দ্বিতীয় রবিবার শ্রীমতী মধুশ্রী বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী শ্রীচন্দ্রা বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী সুস্মিতা নাথ, শ্রীমতী রীতা চক্রবর্তী, শ্রীমতী মনিদীপা ভট্টাচার্য, শ্রীমতী উদিতা রায়, শ্রীমতী শ্যামলী সেনগুপ্ত, শ্রীমতী অনুরমা ভট্টাচার্য, শ্রীমতী অনুলেখা বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী কস্তুরী চক্রবর্তী, শ্রীমতী মৃদুলা বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী লক্ষ্মী খাস্তগীর, শ্রীমতী বিজয়লক্ষ্মী দাস, শ্রীমতী খুকু রায়, শ্রীমতী অনিন্দিতা দাশগুপ্ত, শ্রীউজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, শ্রীমলয় দাস, শ্রীশঙ্কর প্রসাদ মিত্র। তৃতীয় রবিবার শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরীন্দ্রজিৎ সাহা, চতুর্থ রবিবার শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত এবং পঞ্চম রবিবার শ্রীমতী মাধবী তালুকদার ও শ্রীমতী অভিনন্দা তালুকদার।

**সঙ্গতসভা ঃ**

বিগত ৮ই আগষ্ট ২০১২ রবিবার অপরাহ্ন ৫টায় ব্রাহ্ম সম্মিলন সমাজের সভাকক্ষে শ্রীসঞ্জীব মুখার্জির পরিচালনায় সঙ্গত সভা অনুষ্ঠিত হয়।

---

**—ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—**

**সাধারণ ফণ্ড ঃ** শ্রীমতী মমতা ব্যানার্জী — ৫০০ টাকা (র/নং ২৭৭৯); শ্রীমতী রীতা বিশ্বাস (প্রয়াত স্বামী অধীপ কুমার বিশ্বাসের ষষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষে — ২০০০ টাকা (র/নং ২৭৮৩); শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী — ২০০ টাকা (র/নং ২৭৯০)

*সমাজের কেয়ারটেকার শ্রীরামেশ্বর সিং (সিংজীর) পুত্র শ্রীবিকাশ সিং এর চিকিৎসার্থে (Kidney failure) দান* ঃ শ্রীমতী বিশাখা দে — ৫০১ টাকা (র/নং ২৭৮৫); শ্রীপ্রতীপ রঞ্জন রায় — ৫০১ টাকা (র/নং ২৭৮৬); শ্রীসজ্জন কুমার গোয়েঙ্কা — ৫০১ টাকা (র/নং ২৭৮৭); শ্রীপ্রবীর কুমার পাল — ৩০০১ টাকা (র/নং ২৭৮৮); শ্রীপ্রবীর ধর — ৫০০ টাকা (র/নং ২৭৮৯); শ্রীমতী রেবেকা রক্ষিত — ৫০০ টাকা (র/নং ২৭৯১); শ্রীমতী শ্যামলী দাসগুপ্ত — ৫০০০ টাকা (র/নং২৭৯২) ; শ্রীমতী সুনন্দা রায়চৌধুরী (রত্না) — ১০০০ টাকা (র/নং ২৭৯৩); শ্রীঅনিরুদ্ধ রক্ষিত — ৫০০ টাকা (র/নং ২৭৯৪)।

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীমতী শ্যামলী দাসগুপ্ত (প্রয়াত অশোকরঞ্জন দাসগুপ্তর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৭৮১)।

**মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ড ঃ** শ্রীমতী রীতা বিশ্বাস (আবেদনক্রমে) — ১০০০ টাকা (র/নং ২৭৮৪)।

**দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ড ঃ** শ্রীগৌতম সেনগুপ্ত ও শ্রীসুনন্দিতা সেনগুপ্ত — ২০০০ টাকা (র/নং ২২৭); শ্রীপ্রতাপ কুমার সেন ও শ্রীমতী অঞ্জলি সেন — ৫০০ টাকা (র/নং ২৩৬); ডঃ রাজশ্রী বন্দ্যোপাধ্যায় (প্রয়াতা ভগ্নী রূপশ্রী চন্দের ১৫ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে) — ১০০০ টাকা (র/নং ২৩৭);

**ভ্রমসংশোধন ঃ** বিগত জুলাই ২০১২ ব্রাহ্ম সম্মিলন বার্তায় কৃতজ্ঞতা স্বীকার বিভাগে (১) সাধারণ ফণ্ডে এবং ওয়েলফেয়ার ফণ্ডে প্রয়াতা অপর্ণা বসুর আদ্যশ্রাদ্ধ উপলক্ষে তাঁর কনিষ্ঠ পুত্র শ্রীসুবীর বসু পরলোকগত আত্মার স্মৃতির উদ্দেশ্যে যথাক্রমে ১০০০ টাকা ও ১৫০ টাকা আচার্য শ্রীসঞ্জীব মুখার্জির মাধ্যমে দান করেন ও দানটি শ্রীসঞ্জীব মুখার্জির নামে উল্লিখিত হয়। উভয় ক্ষেত্রেই দাতার নাম হবে শ্রীসুবীর বসু। (২) শ্রীমতী জুলিয়া বিশ্বাস ও শ্রীসুব্রত ব্যানার্জীর শুভবিবাহ উপলক্ষে শ্রীসুব্রত ব্যানার্জী আচার্য শ্রীসঞ্জীব মুখার্জির মাধ্যমে ওয়েলফেয়ার ফণ্ডে ১৫০ টাকা দান করেন ও দানটি শ্রীসঞ্জিব মুখার্জির নামে উল্লিখিত হয়। এই ক্ষেত্রে দাতার নাম হবে শ্রীসুব্রত ব্যানার্জী। এই ভ্রমের জন্য আমরা দুঃখিত।

## AN APPEAL

Sri Vikesh Singh aged 22 years, ex-staff of Brahmo Sammilan Samaj and son of Sri Rameshwar Singh (Singhji), present senior office peon of the Samaj is suffering from renal failure and is on dialysis. He was admitted to Ramkrishna Mission Seva Prathisthan and doctors said that both his kidneys are badly damaged and the patient is suffering from CRF (Chronic Renal Failure).

Financially, Vikesh's family is not in a position to bear the ongoing cost of regular dialysis, occasional hospitalisation and medicines other expenses and is depending on donations for his treatment.

On behalf of Vikesh's family all are requested to send some financial help to enable them to continue the treatment of Vikesh which is absolutely essential to keep him alive.

All donations should be made in favour of "Brahmo Sammilan Samaj". On the reverse of the Cheque / DD and in the covering letter please mention "for treatment of Vikesh Singh".

Donation should be sent to the followng address : The Secretary, Brahmo Sammilan Samaj, 1A, Dr. Rajendra Road, Kolkata-700 020.

In this connection any information regarding Free / Low Cost kidney transplant process will be highly appreciated as this is the only alternative and the patient belongs to financially weaker section of the society.

## 122nd ALL INIDA BRAHMO CONFERENCE 2012

The organising comittee of the 122nd Brahmo Conference is pleased to make this announcement of holding the 122nd session of the Brahmo Conference on November 8, 9, 10 of 2012 at Pune.

| | | |
|---|---|---|
| Theme of the Conference | : | Brahmo Prarthana Samaj for children, faith, practice programme. |
| Venue | : | Natu Sabhagriha of Bharatiya Vidya Bhawan, Pune Kendra K.M. Munshi Road, Off. Senapati Bapat Road, Model Coloney, Shivaji Nagar, Pune-411016 |
| Deligate Fee | : | Adult Rs. 750/- per person Children (below 12 years) Rs. 500/- |
| Registration | : | Kindly confirm registration By August 31, 2012. |
| Address for Corespondence | : | Dr. Dilip Joag, Organising Secretary<br>'Vishwatmak'<br>363/B, Shivaji Nagar, Pune - 411005, India<br>E-mail : dilipjoag@gmail.com<br>Tel : (R) 020-2553 4570<br>Cell : 09422318488 |

Interested persons may contact Brahmo Sammilan Samaj Notice Board for details.

**Brahmo Sammilan Barta will be available on Samaj Website.**

**Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.